



Worksheet-4

Subject: Bengali

শ্রেণী সপ্তম
পাঠ ~ ব্যাকরণ (বিশেষণ পদ)
প্রশ্ন পত্র

Date: 17-Apr-20

(প্রথম অংশ)

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/বিশেষণ পদের ধর্ম কি?

- (i) কোন কিছুকে বিশেষিত করা
(ii) বিশেষভাবে পদের সঙ্গে যুক্ত হওয়া
(iii) বিশেষ আসন পাতার ব্যবস্থা করা
(iv) কোনোটিই নয়

২/যে পদ দ্বারা অন্য পদের গুণ ধর্ম প্রভৃতি বোঝায় তাকে বলা হয়—

- (i) বিশেষ্য পদ
(ii) বিশেষণ পদ
(iii) অব্যয় পদ
(iv) ক্রিয়াপদ

৩/লাল ফুল। এখানে লাল হল ফুলটির—

- (i) রূপ
(ii) গুণ
(iii) সৌন্দর্য
(iv) কোনোটিই নয়

৪/"স্মরণীয় তারা বরণীয় তারা" এখানে স্মরণীয় শব্দটি কি পদ?

- (i) বিশেষ্য
(ii) বিশেষণ
(iii) সর্বনাম
(iv) অব্যয়

৫/কি রকম ,কেমন ,কিরূপ ইত্যাদি শব্দ দিয়ে কোন কোন পদকে প্রশ্ন করলে বিশেষণ পদ পাওয়া যায়?

- (i) বিশেষ্য
(ii) সর্বনাম
(iii) বিশেষ্য ও সর্বনাম
(iv) কোনোটিই নয়

৬/বিশেষণ পদ সাধারণত—

- (i) বিশেষ্য পদের আগে বসে
(ii) বিশেষ্য পদের পরে বসে
(iii) বিশেষ্য পদের সঙ্গে বসে
(iv) উপরের কোনোটিই নয়

৭/"নীল আকাশ" বাক্যটিতে কোনটি বিশেষ্য ও কোনটি বিশেষণ পদ?

- (i) নীল বিশেষণ পদ আকাশ বিশেষ্য পদ
(ii) নীল বিশেষ্য পদ আকাশ বিশেষণ পদ
(iii) নীল ও আকাশ দুটিই বিশেষণ পদ
(iv) নীল ও আকাশ দুটিই বিশেষ্য পদ

৮/ক্রিয়া বিশেষণ গুলো সব সময় ক্রিয়ার _____ বসে।

- (i) মাঝখানে
(ii) আগে
(iii) পরে
(iv) সঙ্গে

Worksheet-4

৯/বিশেষণ পদ কে সাধারণত _____ ভাগে ভাগ করা যায়

- | | |
|----------------|---------------|
| (i) দুই ভাগে | (ii) তিন ভাগে |
| (iii) ছয় ভাগে | (iv) আট ভাগে |

১০/বিশেষণের দুটি ভাগ। একটি নাম বিশেষণ, অপরটি?

- | | |
|----------------------|-------------------|
| (i) ভাব বিশেষণ | (ii) গুণ বিশেষণ |
| (iii) ক্রিয়া বিশেষণ | (iv) বস্তু বিশেষণ |

১১/ধীরে ধীরে এসো। এখানে ধীরে ধীরে শব্দটি হল-

- | | |
|---------------------|----------------------|
| (i) নাম বিশেষণ | (ii) বিশেষণের বিশেষণ |
| (iii) ক্রিয়াবিশেষণ | (iv) কোনোটিই নয় |

১২/‘সে খুব বুদ্ধিমান’ বাক্যটিতে কোনটি বিশেষণ পদ নির্ণয় তা করো।

- | | |
|-----------------|------------------|
| (i) সে | (ii) খুব |
| (iii) বুদ্ধিমান | (iv) কোনোটিই নয় |

১৩/‘রাত্রি গভীর’ বাক্যটিতে

- | | |
|---------------------------------------|---|
| (i) বিশেষ্য পদের পরে বিশেষণ পদ বসেছে। | (ii) বিশেষ্য পদ এর আগে বিশেষণ পদ বসেছে। |
| (iii) বাক্যে কোন বিশেষণ পদ নেই। | (iv) বাক্যে কোন বিশেষ্য পদ নেই। |

১৪/সে দ্রুত দৌড়ায়’এখানে দ্রুত হল-

- | | |
|----------------------|-----------------------|
| (i) বিশেষ্যের বিশেষণ | (ii) বিশেষণের বিশেষণ |
| (iii) ক্রিয়া বিশেষণ | (iv) সর্বনামের বিশেষণ |

১৫/নাম বিশেষণ ও ক্রিয়া বিশেষণ হল

- | | |
|--------------------------|----------------------------|
| (i) বিশেষণের শ্রেণীবিভাগ | (ii) বিশেষ্যের শ্রেণীবিভাগ |
| (iii) বিশেষণের রূপান্তর | (iv) ওপরের কোনোটিই নয়। |

Teacher’s Name: Antara Ghosh